

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয় ও
শহীদ আহসান উল্লাহ মাষ্টার যুব প্রশিক্ষণ কেন্দ্র
যুব উন্নয়ন অধিদপ্তর
কাজী বাড়ি, গাজীপুর।

স্মারক নং-৩৪. ৩১. ৩৩০০. ০০০. ৩৮. ৩৮৬. ২২-৩৮৯

তারিখ: ১৩-০২-২০২৪ খ্রি:


যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়ের আওতাধীন নিম্ন বর্ণিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তির লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।
প্রশিক্ষণের ভর্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো।

*সাক্ষাতকারের স্থান: উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর।

ক্র: নং	কোর্সের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণ ভাতা/যাতায়াত ভাতা	দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ	সাক্ষাতকারের তারিখ ও সময়	ভর্তির তারিখ
০১।	যানবাহন চালনা প্রশিক্ষণ	০১ (এক) মাস	নূন্যতম অষ্টম শ্রেণী বা সমমান পাস এবং বয়স ২১ থেকে ৩৫ বছর	দৈনিক প্রতিজন ২০০/- টাকা (উপস্থিতির ভিত্তিতে)	২৭/০২/২০২৪ খ্রি:	২৯/০২/২০২৪ খ্রি: সময়: সকাল ১০:০০ টা	০৩/০৩/২০২৪খ্রি:

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী:-

- প্রশিক্ষণ কোর্সের জন্য প্রার্থীদের বয়স ২১-৩৫ বছরের বেকার যুব ও যুব মহিলা এবং বাংলাদেশী নাগরিক হতে হবে।
- ক) নাম (বাংলা ও ইংরেজী) খ) পিতা ও মাতার নাম (বাংলা ও ইংরেজী) গ) জন্ম তারিখ ঘ) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স ঙ) (NID) চ) বর্তমান ঠিকানা ছ) স্থায়ী ঠিকানা জ) শিক্ষাগত যোগ্যতা ঝ) ধর্ম ঞ) মোবাইল নম্বর ট) বিকল্প যোগাযোগ নম্বর ঠ) ইতিপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) উল্লেখ পূর্বক অনলাইন সহ নির্ধারিত ফরমে উল্লেখিত সময়ের মধ্যে আবেদন পত্র জমা দিতে হবে।
- আবেদনের সাথে ক) সদ্য তোলা পার্সপোর্ট সাইজ ০২ কপি সত্যায়িত ছবি, খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, গ) নাগরিকত্ব সনদ ঘ) ভোটার আইডি কার্ড, (সকল তথ্য সত্যায়িত বাধ্যতামূলক) জেলা কার্যালয়ের সংশ্লিষ্ট প্রশিক্ষণ শাখা যানবাহন চালনা প্রশিক্ষণ, কেন্দ্রে জমা দিতে হবে।
- সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি, এ/ডি,এ প্রদান করা হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রে নিয়ম শৃঙ্খলা মেনে চলতে হবে এবং যথাসময়ে প্রশিক্ষণে উপস্থিত থাকতে হবে।
- যাদের জাতীয় পরিচয় পত্র নেই এবং যাদের যে কোন প্রকার ড্রাইভিং লাইসেন্স রয়েছে তারা কোন ভাবেই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবেন না। কেউ তথ্য গোপন করে আবেদন করলে ভর্তি বাতিলসহ পরবর্তীকালে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- নিজ জাতীয় পরিচয়পত্র (NID) দ্বারা নিবন্ধিত সচল সিমকার্ড থাকতে হবে।
- অনলাইন <https://dyd.nise.gov.bd/courses> লিংকে গিয়ে আবেদন করতে হবে এবং হার্ড কপি জমা দিতে হবে।



(মো: হারুন অর রশীদ খান)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর।

স্মারক নং- ৩৪. ০১. ৩৩০০. ০০০. ৩৮. ৩৮৬. ২২- ৩৮৯

তারিখ:- ১৩-০২-২০২৪ খ্রি:

অনুশিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, গাজীপুর।
- প্রকল্প পরিচালক, যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- পরিচালক (.....) সকল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- গাজীপুর।
- চেয়ারম্যান (সকল উপজেলা) গাজীপুর সদর/শ্রীপুর/কালিয়াকৈর/কালীগঞ্জ/কাপাসিয়া।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা সদর/শ্রীপুর/কালিয়াকৈর/কালীগঞ্জ/কাপাসিয়া গাজীপুর, ওয়েব পোর্টাল এ প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সদর/শ্রীপুর/কালিয়াকৈর/কালীগঞ্জ/কাপাসিয়া, গাজীপুর। (আপনার নোটিশ বোর্ডের এবং ওয়েব পোর্টালের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য নির্দেয়ক্রমে অনুরোধ করা হলো।
- আইসিটি শাখা জেলা প্রশাসকের কার্যালয়, বিজ্ঞপ্তি ওয়েব পোর্টাল এ প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।
- প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক(.....) যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর/টংগী, গাজীপুর।
- সভাপতি/সাধারণ সম্পাদক,..... যুব সংগঠন, গাজীপুর।
- অফিস কপি।


সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর